BANGLA

ওরে প্যাঁচা ঘুমোরে বাছা!

ছবি: ভূরীবাঈ

eklavya

ওরে প্যাঁচা ঘুমোরে বাছা!

বাংলা অনুবাদ: বৈদেহী সেনগুপ্ত

ছবি: ভূরীবাঈ

eklavya

পঁ্যাচা ঘুমোবার
চেষ্টা করছিল।

গাইতে লাগলো
মৌমাছিদের ডানা

গুন-গুন-গুন

গুন-গুন-গুন

গুন-গুন-গুন

তবুও প্যাঁচা ঘুমোবার
চেষ্টা করতে থাকলো।

কাঠবিড়ালি লাগল
খেতে দানা

কুটুর-কুটুর-কুটুর

কুটুর-কুটুর-কুটুর

কুটুর-কুটুর-কুটুর

তবুও প্যাঁচা ঘুমোবার
চেষ্টা করতে থাকলো।

কাঠ ফাটা রোদে
চেঁচাচ্ছিল কাক

কা-কা-কা

কা-কা-কা

কা-কা-কা

তবুও প্যাঁচা ঘুমোবার
চেষ্টা করতে থাকলো।

কাঠঠোকরা ঠোঁটের
ডগায় কাটছিল কাঠ

খট-খট-খট

খট-খট-খট

খট-খট-খট

তবুও প্যাঁচা ঘুমোবার
চেষ্টা করতে থাকলো।

নীলকণ্ঠ ডালে
বসে চেঁচায়

টেঁউ-টেঁউ

টেঁউ-টেঁউ

টেঁউ-টেঁউ

তবুও প্যাঁচা ঘুমোবার
চেষ্টা করতে থাকলো।

হরিণ শিং ঘষে
গাছের গায়ে

খটর্-খটর্-খটর্

খটর্-খটর্-খটর্

খটর্-খটর্-খটর্

তবুও প্যাঁচা ঘুমোবার
চেষ্টা করতে থাকলো।

কোকিল গান
গেয়ে যায়

কুহু-কুহু

কুহু-কুহু

কুহু-কুহু

তবুও প্যাঁচা ঘুমোবার
চেষ্টা করতে থাকলো।

বাঁদর লাফায়
ঝাঁপায়

খি-খি

খি-খি

খি-খি

তবুও প্যাঁচা ঘুমোবার
চেষ্টা করতে থাকলো।

ঘুঘুর
কথা ফোটে

ঘু-ঘু-ঘু

ঘু-ঘু-ঘু

ঘু-ঘু-ঘু

তবুও প্যাঁচা ঘুমোবার
চেষ্টা করতে থাকলো।

টিয়ার দল
চেঁচিয়ে ওঠে

ক্যাঁ-ক্যাঁ-ক্যাঁ

ক্যাঁ-ক্যাঁ-ক্যাঁ

ক্যাঁ-ক্যাঁ-ক্যাঁ

তবুও প্যাঁচা ঘুমোবার
চেষ্টা করতে থাকলো।

পায়রাগুলো এবার
করলো শুরু বলা

গুটরগু...

গুটরগু...

গুটরগু...

তবুও প্যাঁচা ঘুমোবার
চেষ্টা করতে থাকলো।

তারপরে হলো
রাত।
উঠলো চাঁদ।

এখন কোথাও
কোনো শব্দ নেই।

চারদিক চুপচাপ।

তখন প্যাঁচা
জেগে উঠলো

চাঁ-চাঁ-চাঁ...

চাঁ-চাঁ-চাঁ...

চাঁ-চাঁ-চাঁ...

আর সবাইকে
জাগিয়ে দিলো।

ওরে প্যাঁচা ঘুমোরে বাছা!

Ore Pyancha Ghumore Bachha!

প্যাট হাচিন্সের লেখা জনপ্রিয় চিত্রকথা গুডনাইট, আউল (Good Night, Owl!)-এর থেকে অনুপ্রেরণা নিয়ে কিশোর ভারতীর বাল গতিবিধি কার্যক্রমের দ্বারা ১৯৮০-র দশকে তৈরী করা কাহিনী।
এখন ভুরীবাঈয়ের কল্পনা অনুসারে পুনরায় নির্মিত।
বাংলা অনুবাদ: বৈদেহী সেনগুপ্ত
ডিসাইন: কনক শশী
সম্পাদনা ও সংযোজনা: ভাবুক ফাউন্ডেশন (Bhabook Foundation)
সম্পাদকীয় সহযোগিতা: টুলটুল বিশ্বাস, বংসী শর্মা, রুদ্রাশিস
উত্পাদন সহযোগিতা - ইন্দু নায়র, কমলেশ যাদব, মোহম্মদ খিজর

'So Ja Ullu' গল্পের বাংলা অনুবাদ যা হিন্দিতে একলব্য দ্বারা প্রকাশিত।
Bangla translation of story 'So Ja Ullu' published in Hindi by Eklavya.

অনুবাদ: একলব্য ফাউন্ডেশন, মার্চ 2024

https://creativecommons.org/licenses/by-nc-sa/4.0/
চিত্রশিল্পী ও প্রকাশকের তথ্যসহ অ-বাণিজ্যিক উদ্দেশ্যে কোনো পরিবর্তন ছাড়া বাংলা বইটির লেখা এবং ছবি কপি এবং বিতরণ করা যাবে।
অন্য কোনো অনুমতির জন্য, প্রকাশক বা প্রকাশকের মাধ্যমে চিত্রশিল্পীর সাথে যোগাযোগ করতে হবে।

চিত্রাঙ্কন © ভুরীবাঈ

প্রথম সংস্করণ: মার্চ 2024 /1000 কপি
কাগজ: 100 gsm ম্যাপলিথ ও 300 gsm পেপার বোর্ড (প্রচ্ছদ)
ISBN: 978-81-19771-92-9
মুল্য: ₹ 100.00

দূরবীন - এইচ টি পারেখ ফাউন্ডেশন (H T Parekh Foundation) -এর আর্থিক সহায়তায় প্রকাশিত।

প্রকাশক:
একলব্য ফাউন্ডেশন (Eklavya Foundation)
জামনালাল বাজাজ পরিসর, জাটখেড়ী,
ভোপাল – 462 026 (মপ্র)
ফোন: +91 755 2977770-71-72
www.eklavya.in

সম্পাদনা ও সংযোজনা:
ভাবুক ফাউন্ডেশন (Bhabook Foundation)
কৃষ্টি নেস্ট, ৩য় তল, ফ্ল্যাট নং – 302,
কালিপার্ক, রাজারহাট, 24 পরগনা (উ), পশ্চিমবঙ্গ,
কলকাতা – 700 136
ফোন: +91 70447 05339

মুদ্রণ: আর কে সেকুপ্রিন্ট প্রাইভেট লিমিটেড, ভোপাল, +91 755 268 7589

ভূরীবাঈ

শিশুদের জন্য এটি ভূরীবাঈ-এর প্রথম বই। এখন তিনি উজ্জ্বল রঙ এবং বিন্দু দিয়ে তৈরি ভীল অঙ্কন শৈলীর জন্য সারা বিশ্বে বিখ্যাত। তবে পশ্চিম মধ্যপ্রদেশের ঝাবুয়া জেলার বাসিন্দা ভূরীবাঈ তাঁর শৈশবে অনেক কঠিন পরিস্থিতি পার করেছেন এবং কঠোর পরিশ্রম করে বড়ো হয়েছেন। ছোটোবেলা থেকেই গেরুয়া, নীল আর নানান রঙ দিয়ে বাড়ির দেয়ালের ওপর আঁকতে তিনি পছন্দ করতেন। ভারত ভবনে শ্রমিক হিসেবে কাজ করা থেকে শুরু করেন জীবন। তারপর জে. স্বামীনাথন ও ইউসুফের কথা মতো বাড়ির দেওয়ালের ছবিগুলোকে কাগজের ওপর আঁকা দিয়ে তাঁর জীবনে এক নতুন অধ্যায় শুরু হয়। তিনি বলেন, বনের গাছপালা, পাখি, হরিণ ও বানরের ছবি আঁকতে তাঁর বরাবর ভালো লাগতো। কিন্তু একটাই গল্পকে অনেক পৃষ্ঠায় ভাগ করে সেখান থেকে একটা বই তৈরি করা - এটা তাঁর জন্য আরেকটা নতুন অভিজ্ঞতা।

ওরে প্যাঁচা ঘুমোরে বাছা!

প্যাঁচা ঘুমোনোর চেষ্টা করছিল। কিন্তু প্রতিবারই কেউ না কেউ তার ঘুমের ব্যাঘাত ঘটাচ্ছিল। সে কি তবে শেষ পর্যন্ত ঘুমোতে পারবে? পড়ে দেখো তো...

মূল্য: ₹ 100.00

ছুটbeen Read Imagine Explore
AN INITIATIVE OF H.T. PAREKH FOUNDATION

eklavya

9 788119 771929